

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৯

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (کِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ) পরিচ্ছেদঃ ইখলাস ও গোপন আমল

بَابُ الْإِخْلَاصِ وَأَعْمَالِ السِّرِّ

আরবী

أَخْبُرنَا عَلِيُّ بْنُ مُحَمَّدِ الْقَبَّانِيُّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ هَاشِمِ الطُّوسِيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدِ الْأَنْصَارِيِّ عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ عَلْقَمَةَ بْنِ الْقَطَّانُ عَنْ يَحْيَى بْنِ الْخَطَّابِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الْأَعْمَالُ وَقَاصٍ عَنْ عُمَر بْنِ الْخَطَّابِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الْأَعْمَالُ بِالنِّيَّاتِ وَلِكُلِّ امْرِئٍ مَا نَوَى فَمَنْ كَانَتْ هِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ فَهِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ فَهِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ وَمَنْ كَانَتْ هِجْرَتُهُ لِدُنْيَا يُصِيبُهَا أَوِ امْرَأَةٍ يَتَزَوَّجُهَا فَهِجْرَتُهُ إِلَى ما هاجر إليه.) وَرَسُولِهِ وَمَنْ كَانَتْ هِجْرَتُهُ لِدُنْيَا يُصِيبُهَا أَوِ امْرَأَةٍ يَتَزَوَّجُهَا فَهِجْرَتُهُ إِلَى ما هاجر إليه.) الراوي: عُمَر بْن الْخَطَّابِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 188 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৮৯. উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "নিশ্চয়ই সমস্ত আমল নিয়তের উপর নির্ভরশীল। প্রত্যেক মানুষ তাই পাবে, যা সে নিয়ত করে। কাজেই যার হিজরত হবে আল্লাহ ও তাঁর রাসূলের জন্য, তার হিজরত আল্লাহ ও তাঁর রাসূলের জন্যই গণ্য হবে। আর যার হিজরত দুনিয়া লাভ বা কোন নারীকে বিবাহ করার জন্য হবে, তার হিজরত সেজন্যই পরিগণিত হবে, যে জন্য সে হিজরত করেছে।"[1]

ফুটনোট

[1] তারীখে বাগদাদ: ৯/৩৪৬; মুয়াত্তা ইমাম মালিক: ৯৮৩; সহীহ আল বুখারী: ৫৪; সহীহ মুসলিম: ১৯০৭; নাসাঈ: ১/৫৮; সুনানু বাইহাকী: ৪/২৩৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ১; হুমাইদী: ২৮; মুসনাদ আহমাদ: ১/২৫; আবু দাউদ: ২৩০১; ইবনু মাজাহ: ৪২২৭; দারাকুতনী: ১/৫০।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৯১১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন